

## রাষ্ট্রীয় উচ্চতর শিক্ষা অভিযানের আওতায় আর ইউ এস এ পোর্টাল ও মোবাইল অ্যাপের সূচনা করলেন কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী

নয়াদিল্লি, এপ্রিল ১৮, ২০১৭

রাষ্ট্রীয় উচ্চতর শিক্ষা অভিযানের আওতায় সোমবার কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী শ্রী প্রকাশ জাভাডেকর নয়াদিল্লিতে আর ইউএসএ মোবাইল অ্যাপ ও পোর্টালের আনুষ্ঠানিক সূচনা করলেন। তিনি উদ্বোধনী পর্বে নিজের ভাষণে জানান, শিক্ষাক্ষেত্রে গুণগত মানোন্নতির লক্ষ্যেই বর্তমান সরকার প্রতিটি পদক্ষেপে নিয়ে চলেছে। মন্ত্রকের অধীনে পরিচালিত এই অভিযানে আরও জোরদার গতি আনতেই এই অত্যাধুনিক ব্যবস্থাপনা সর্বসাধারণের জন্য চালু করা হলো বলেও তিনি মন্তব্য করেন। সরকারের অগ্রাধিকারের বিষয়ে ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষায় গুণবস্তুর বিষয়টি সংযোজিত না হলে আগামী দিনের দক্ষ, সক্ষম ও সুনাগরিক গঠনের নিশ্চয়তা আমরা পাবো না। তাই এই অভিযানের আওতায় গড়ে ওঠা ১৭টি সুবিধের বিষয় এই অ্যাপ ও পোর্টালে যুক্ত হয়েছে। এতে একাধারে ১৪টি রাজ্যকে সুবিধে প্রদান করা যাবে বলেও তিনি জানান। তিনি এই অভিযান প্রসঙ্গে জানান, কেন্দ্র ও রাজ্য সরকারগুলি পরবর্তী মানোন্নতি নিশ্চিত করতে নিয়মিত পরিচালনগত ধরণধারণ নিয়ে আলোচনা ও মতামত বিনিময় করছে। গত তিন বছরে গবেষণাগারের পরিকাঠামো, স্মার্ট ক্লাস রুম গড়ে তোলা সহ অন্য কর্মসূচি রূপায়নের মাধ্যমে এই অভিযানের সাফল্য আসতে শুরু করেছে। মোদি সরকারের পক্ষ থেকে এই সময়ে অভিযান পরিচালনার খরচ বাবদ ২৮০০ কোটি টাকা বাড়ানো হয়েছে। এতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় ও আদর্শ মহাবিদ্যালয়ের পরিকাঠামো নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। চলতি বাজেটেও এতে ১৩০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আগামী দিনে এই অভিযানে আরও সাফল্য নিশ্চিত করা যাবে বলে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী আশা প্রকাশ করেন।

প্রসঙ্গত: এই অ্যাপ ও পোর্টালে রাজ্য সরকারগুলির উচ্চ শিক্ষা সংক্রান্ত পরিকল্পনা এবং সিদ্ধান্ত সমূহও থাকবে। এর মাধ্যমে চালু স্নাতক মহাবিদ্যালয়কে আদর্শ মহাবিদ্যালয়ে পরিণত করা হচ্ছে। অরুণাচল প্রদেশের ইটানগরে ডেরা নাটুং সরকারী মহাবিদ্যালয়ের অ্যাকাডেমিক (বাণিজ্য) ব্লকের মানোন্নতি, রোহতকের মহর্ষি দয়ানন্দ বিশ্ববিদ্যালয়কে অনুদান মঞ্জুরকরণ, হিমাচলপ্রদেশের কাঙগ্রায় রাজীব গান্ধী

# TRIPURAINFO

সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, জম্মু ও শ্রীনগরে ক্লাস্টার বিশ্ববিদ্যালয় সহ বেশ কিছু কলেজ ও বিশ্ববিদ্যালয়কে নানাভাবে মানোন্নতির আওতায় নিয়ে আসা হবে বা হচ্ছে। এব্যাপারে বিস্তৃত তথ্য জানার জন্য আর ইউ এস এ-র ওয়েবসাইট [rusa.nic.in](http://rusa.nic.in) দেখে নেওয়া যেতে পারে। শ্রী জাভাডেকর এই উপলক্ষে কেন্দ্রীয় সরকারি প্রকল্পটির তহবিল ও রিফর্ম ট্র্যাকারেরও সূচনা করেন। চব্বিশ ঘন্টা সাতদিন হিসেবে এই অভিযান সংক্রান্ত যাবতীয় তথ্য ও পরিষেবার বিষয় এর মাধ্যমে জানা যাবে। এতে উপস্থিত উচ্চশিক্ষা সচিব শ্রী কেবলকুমার শর্মা অনুষ্ঠানের সূচনা লগ্নে সবাইকে স্বাগত জানিয়ে এই পদক্ষেপের সাফল্য সম্পর্কে আশা প্রকাশ করেন।

